# খাল ঃ

খাল (CANAL) ঃ

মানব সৃষ্ট উন্মুক্ত জলপ্রবাহ। সেচ ও নিষ্কাশনের মাধ্যমে ফসল উৎপাদনের জন্য নালী খনন করা হয়। খাল খননের ক্ষেত্রে জলপ্রবাহ, শূন্যতা এবং ভূ-প্রকৃতি বিবেচ্য বিষয়। যেহেতু পানি বহনকারী খাল গুলি সংকীর্ণ তাই বৃষ্টির মৌসুমে জল খুব দ্রুত প্রবাহিত হয়। ০৬ কাফ্রিখাল ইউনিয়নে ফসলের মাঠের জলাবদ্ধতা নিরসনকল্পে কয়েকটি খাল আছে। যেমন ঃ-

০১। ছিড়ারপাড় হয়ে চওলার বিল।
০২। কাফ্রিখাল বিল।
০৩। শালমারা থেকে থেকে তাজপুর বিল।

বর্তমানে খাল গুলো কিছু কিছু আংশ ভরাট হয়ে যাওয়ায় পানির প্রবাহ বাধাগ্রস্থ হয়। ফলে ফসলের ক্ষেত নষ্ট হয়। সরকারী উদ্যোগে খাল গুলো পূনঃ খনন করে পানির প্রবাহ ঠিক রাখতে পারলে কৃষকরা উপকৃত হবে।


কাফ্রিখাল বিল



কাফ্রিখাল বিল


কাফ্রিখাল বিল

# বিল ঃ

বিল ঃ

বৃহৎ আকৃতির প্রাকৃতিক জলধার। কোন নিম্নভূমিতে যদি পানি নিষ্কাশনের ব্যবস্থা না থাকে বা নিষ্কাশন পথ বন্ধ হয়ে যায়, তবে বন্যার পর ঐ স্থানে পানি আটকে বিলের সৃষ্টি হয়। সব বিলের উৎপত্তির কারণ এক নয়। কোন কোন বিল প্রাকৃতিক, আবার কোন কোন বিল প্রয়োজনে খনন করা। ঐতিহ্যবাহী কাফ্রিখাল ইউনিয়নের বেশ কয়েকটি বিল আছে। যেমন ঃ-

০১। কাফ্রিখাল বিল
০২। কোদাল ধোয়ার বিল
০৩। চান্দাগাড়ীর বিল
০৪। ধলার যোবার বিল
০৫। ইকবালপুর বিল
০৬। কাইদা হাড়ার বিল

এই সমস্ত বিল ছাড়া আরও অনেক ছোট ছোট বিল আছে। সায়ভূক্ত বিল গুলো মৎস সমিতির আওতায় ইজারা নিয়ে মৎস চাষ করে অনেক মুনষ জীবিকা নির্বাহ বরে। এছাড়া এ বিল গুলোতে প্রাকৃতিক প্রচুর মাছ থাকায় এলাকার মানুষজন মাছ ধরে আমিষের চাহিদা মেটায়।



## পুকুর ঃ




